আদেশী নং- ৮২৮৩৩	তারিখ- ৩০/১১/২৫
উপ-পরিচালক, স্থানীয় সরকার	স্থানীয় কার্যালয়
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)	[illegible]
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)	[illegible]
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট	[illegible]
অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন)	.....
অতিরিক্ত জেলা প্রশাসক (সমন্বয়)	.....
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রতিনিধি	.....
	জেলা প্রশাসক

"সংশোধিত বিজ্ঞপ্তি"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়
সামাজিক বন বিভাগ, ফরিদপুর।

বিজ্ঞপ্তি নং ৩২/২০২৫-২০২৬

তারিখ- ০৫/১১/২০২৫

"বৃক্ষরোপণে জাতীয় পুরস্কার- ২০২৫" প্রদানের বিজ্ঞপ্তি

এতদ্বারা ফরিদপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ, মাদারীপুর ও শরীয়তপুর জেলার সকল জনসাধারণ, শিক্ষা/ধর্মীয় প্রতিষ্ঠান, সরকারী/আধাসরকারী, স্বায়ত্বশাসিত সংস্থা, বৃক্ষ গবেষণা/ সংরক্ষণ/ উদ্ভাবনে সংশ্লিষ্ট ব্যক্তি/ প্রতিষ্ঠান ও এনজিও প্রধানগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বৃক্ষরোপণে জাতীয় পুরস্কার- ২০২৫ প্রদান করার জন্য আগ্রহী ব্যক্তি/ প্রতিষ্ঠান প্রধানগণের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছে। অত্র দপ্তর এবং ফরিদপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ, মাদারীপুর ও শরীয়তপুর জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারের দপ্তরসহ সামাজিক বন বিভাগ, ফরিদপুর এর আওতাধীন পূর্বপংগাবদী, ফরিদপুর/ রাজবাড়ী/ গোপালগঞ্জ/ মাদারীপুর/ শরীয়তপুর সামাজিক বনায়ন ও নার্সারী প্রশিক্ষণ কেন্দ্র (এসএফএনটিসি) এর ভারপ্রাপ্ত কর্মকর্তার দপ্তর এবং তার অধীনস্থ উপজেলা সামাজিক বনায়ন বাগান কেন্দ্রে (এসএফপিসি) আবেদন ফরম পাওয়া যাবে। তাছাড়া www.bforest.gov.bd এই ওয়েব সাইট থেকে আবেদন ডাউনলোড করা যাবে। আগ্রহী ব্যক্তি/সংস্থাকে প্রতিটি শ্রেণীর জন্য পৃথক পৃথক আবেদন ফরম যথাযথভাবে পূরণ পূর্বক আবেদনকারীর ছবি, বাগান/বনায়নের ছবি ও অন্যান্য প্রয়োজনীয় ডকুমেন্টসহ সংশ্লিষ্ট উপজেলার উপজেলা নির্বাহী কর্মকর্তা/সংশ্লিষ্ট জেলা পর্যায়ের এসএফএনটিসি সমূহের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট আগামী ৩০/১১/২০২৫খ্রিঃ তারিখের মধ্যে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

পুরস্কারের জন্য পদকের শ্রেণি ও সংখ্যাঃ

নিম্নলিখিত ০৭ (সাত) টি শ্রেণির জন্য পুরস্কার প্রদান করা হবেঃ

	পুরস্কারের শ্রেণি
ক.	প্রাথমিক বিদ্যালয়/ উচ্চ বিদ্যালয়/ এবতেদায়ী/ মাদ্রাসা/ সিনিয়র মাদ্রাসা/ কলেজ/ বিশ্ববিদ্যালয়।
খ.	ইউনিয়ন পরিষদ/উপজেলা পরিষদ/জেলা পরিষদ/ পৌরসভা/ সিটি কর্পোরেশন/ অধিদপ্তর/পরিদপ্তর/সেক্টর/কর্পোরেশন/প্রতিষ্ঠান/ এনজিও/ক্লাব/স্বেচ্ছাসেবী সংস্থা।
গ.	ব্যক্তিগত পর্যায়ে বৃক্ষরোপণ।
ঘ.	ব্যক্তি মালিকানাধীন নার্সারি।
ঙ.	ব্যক্তিগত/প্রাতিষ্ঠানিক পর্যায়ে সৃজিত ছাদ বাগান।
চ.	বন বিভাগ কর্তৃক সৃজিত বাগান।
ছ.	বৃক্ষ সম্পর্কিত গবেষণা/সংরক্ষণ/উদ্ভাবন।

মোঃ তারিকুল ইসলাম
পরিচিতি নং ১৩০০১